

💵 প্রশ্নোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ প্রথম অধ্যায় - তাহারাত বা পবিত্রতা রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নুরুল ইসলাম

২৫. স্বভাবজাত সুন্নাত বলতে কী বুঝায়? (১.৫ স্বভাবজাত সুন্নাত)

মানুষের কয়েকটি স্বভাবজাত সুন্নাত রয়েছে, যেগুলো পূর্ববর্তী নবীগণেরও ছিল। এখানে স্বভাবজাত সুন্নাতসমূহ অর্থাৎ সুনানুল ফিত্রাত-এর সংক্ষিপ্ত আলোচনা পেশ করা হলো: আবু হোরায়রা (রা) থেকে বর্ণিত রাসূলুল্লাহ (স) বলেছেন,

ফিতরাত (অর্থাৎ স্বভাব) পাঁচটি অথবা বলেছেন, পাঁচটি কাজ (মানুষের) ফিতরাতের অন্তর্ভুক্ত, আর তা হলো:

- ১. খাতনা করা,
- ২. নাভির নিচের লোম পরিষ্কার করা,
- ৩. নখ কাটা,
- ৪. বগলের লোম উপড়িয়ে ফেলা এবং
- ৫ মোচ খাটো করা। (বুখারী: ৫৮৮৯, মুসলিম: ২৫৭)

সহীহ মুসলিমের অন্য এক হাদীসে এসেছে, সুনানুল ফিতরা হলো ১০টি:

- ১. মোচ খাটো করা
- ২. দাড়ি লম্বা করা
- ৩. মিসওয়াক করা
- ৪. নাকে পানি টেনে নিয়ে ঝাড়া দেওয়া
- ৫. নখ কাটা
- ৬. আঙ্গুলের গিরাসমূহ ধোয়া
- ৭. বগলের পশম উপড়ে ফেলা
- ৮. নাভির নিচের পশম মুণ্ডন করা
- ৯. পানি দারা ইস্তিঞ্জা করা
- ১০. হাদীস বর্ণনাকারী মুসআব (রা) বলেন, দশমটি আমি ভুলে গেছি। তবে সম্ভবত এটি 'কুলি' করা (মুসলিম: ২৬১, পবিত্রতা পর্ব)।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=12757

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন